

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৯. ৫১. যীশুর জামাতের প্রথম ভিত্তি পিতর না যাকোব?

এখানে আরো একটা বিষয় লক্ষণীয়। বাইবেলের ভাষায় যীশু বললেন 'পিতরের' উপরেই তিনি তাঁর 'চার্চ', 'মণ্ডলী' বা জামাতের ভিত্তি স্থাপন করবেন। কিন্তু আমরা দেখি যে, খ্রিষ্টধর্মীয় প্রথম মণ্ডলীর ইমাম বা প্রধান ছিলেন যাকোব, পিতর নন। খ্রিষ্টান জগত একমত যে, খ্রিষ্টধর্মের প্রথম বিশপ বা প্রথম পোপ ছিলেন যাকোব। তিনিই প্রথম জেরুজালেমের প্রথম খ্রিষ্টান চার্চের প্রধান ও প্রথম ভিত্তি ও প্রথম বিশপ নিযুক্ত হন। জেরুজালেমের প্রথম খ্রিষ্টধর্মীয় সম্মেলনে তিনিই সভাপতিত্ব করেন। প্রেরিতদের কার্য বিবরণের ১৫ অধ্যায়ের ১-২১ শ্লোকে এর বর্ণনা রয়েছে। এভাবে আমরা দেখছি যে, মথির বক্তব্যে পিতরকে চার্চের ভিত্তি বলা হয়েছে, কিন্তু এর বিপরীতে প্রেরিত পুস্তকের বর্ণনায় বাস্তবে খ্রিষ্টীয় মণ্ডলীর প্রথম ভিত্তি ছিলেন যাকোব।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14133

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন